বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৫১ তারিখঃ ০৯ আষাঢ, ১৪২৭ বঙ্গাব্দ
২৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৭৭৯ তম কমিশন সভা অদ্য ২৩/০৬/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায়, Bangladesh Export Import Company (BEXIMCO) Limited (as an orginator) এর ৩০০০.০০ (তিন হাজার) কোটি টাকার ৫ (পাঁচ) বছর মেয়াদী Secured Convertible or Redemable Asset-Backed Green-Sukuk এর প্রস্তাবে কতিপয় শর্তসাপেক্ষে সম্মতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। Beximco Limited কে অভিপ্রায় পত্র (Letter of Intent) পাওয়ার পাঁচ কার্যদিবসের মধ্যে সুকুকের প্রস্তাবিত ট্রাস্ট্রির নিবন্ধন সনদ এবং কমিশন কর্তৃক অনুমোদিত Trust-Deed সহ চূড়ান্ত Subscription Agreement জমা দেয়া সাপেক্ষে সম্মতি পত্র ইস্যু করা হবে। প্রস্তাবিত গ্রীন সুকুকটি ২২.৫০ বিলিয়ন প্রাইভেট প্লেসমেন্ট (৭.৫০ বিলিয়ন বিদ্যমান শেয়ার হোল্ডারদের নিকট হতে এবং ১৫.০০ বিলিয়ন বিদ্যমান শেয়ারহোল্ডার ব্যতীত অন্যান্য বিনিয়োগকারীদের নিকট হতে) এর মাধ্যমে এবং ৭.৫০ বিলিয়ন প্রাথমিক গণ প্রস্তাব (আইপিও) এর মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই সুকুক ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Beximco Limited এর টেক্সটাইল ইউনিটের কার্যক্রম বর্ধিতকরণ এবং Beximco Limited দু'টি সরকার অনুমোদিত সাবসিডিয়ারি নবায়নযোগ্য বিদ্যুৎ উৎপাদন প্রকল্পের (তিস্তা সোলার লি: এবং করতোয়া সোলার লি:) বাস্তবায়নের পাশাপাশি পরিবেশ উন্নয়ন এবং সংরক্ষণ নিশ্চিত করবে। এই সুকুকের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০০/- (একশত) টাকা। সুকুকটির ন্যূনতম সাবসক্রিপশন ৫,০০০ (পাঁচ হাজার) টাকা, ন্যূনতম লট ৫০ টি। সুকুকটির সর্বনিম্ন Periodic Distribution Rate-৯% । এই সুকুকটির Trustee হিসাবে Investment Corporation of Bangladesh এবং Issue Manager হিসাবে যথাক্রমে City Bank Capital Resources ltd. এবং Agrani Equity & Investment ltd. কাজ করছে। উল্লেখ্য, **বাংলাদেশে এই প্রথমবার কমিশন কর্তৃক গ্রীন সুকুকের সম্মতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে।**

০২.কমিশন অদ্যকার সভায়, Union Insurance Co. ltd. এর প্রতিটি ১০ টাকা ইস্যু মূল্যের ১৯,৩৬০,৯০৪ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে কমিশন অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ১৯৩,৬০৯,০৪০ (উনিশ কোটি ছত্রিশ লক্ষ নয় হাজার চল্লিশ) টাকা পুঁজি উত্তোলন করে ফিক্সড ডিপোজিট, পুঁজি বাজারে বিনিয়োগ, ফ্লোর ক্রয় এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী ছাড়া নেট এ্যাসেট ভ্যালু (NAV with Revaluation) ১৬.০২ টাকা (সম্পদ পুনঃমূল্যায়নসহ) এবং (Earning per Share) ইপিএস .৯৩ টাকা। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Sonar Bangla Capital Management limited। উল্লেখ্য যে, ইলেকট্রনিক সাবসক্রিপশন সিস্টেম এর মাধ্যমে কোম্পানিটির সাধারণ শেয়ারের চাঁদা গ্রহন শুরুর দিন হতে পূর্ববর্তী পঞ্চম কার্য দিবস শেষে চাঁদা প্রদানে ইচ্ছুক যোগ্য বিনিয়োগকারী (Eligible Investor) গণের মধ্যে স্বীকৃত পেনশন ফান্ড এবং স্বীকৃত প্রভিডেন্ড ফান্ড এর ক্ষেত্রে তালিকাভুক্ত সিকিউরিটিজে বাজার মূল্যে ন্যূনতম ৫০ (পঞ্চাশ) লক্ষ

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd

টাকা এবং অন্যান্য যোগ্য বিনিয়োগকারী (Eligible Investor) গণের ক্ষেত্রে তালিকাভুক্ত সিকিউরিটিজে বাজার মূল্যে ন্যুনতম ০১ (এক) কোটি টাকা বিনিয়োগ থাকতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩. কমিশন অদ্যকার সভায়, বে-মেয়াদি 'Shanta Fixed Income Fund' এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডের প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ১০.০০ কোটি টাকা। এর মধ্যে উদ্যোক্তা হিসাবে শান্তা এ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড ১.০০ কোটি টাকা প্রদান করবে এবং বাকি ৯.০০ কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির প্রতি ইউনিটের মূল্য ১০.০০ টাকা। উক্ত ফান্ডে সম্পদ ব্যবস্থাপক হিসাবে উদ্যোক্তা হিসাবে শান্তা এ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড, ট্রাষ্টি হিসাবে বাংলাদেশ জেনারেল ইন্সুরেন্স কোম্পানী লিঃ এবং কাস্টডিয়ান হিসাবে কাজ করছে ব্র্যাক ব্যাংক লিমিটেড।

২৩.০৬.২০২১
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র